

প্রতিষ্ঠান অবসরল মোড়েন যাদিক মিয়া

দৈনিক ইন্ডিফাক

শুধু চাকরির পেছনে ছুটবে না, উদ্যোগ হবে: স্বাস্থ্যমন্ত্রী

ইন্ডিফাক অনলাইন ডেক্স

প্রকাশ : ২৬ এপ্রিল ২০২৪, ১২:০৯



শিক্ষার্থীদের উদ্দেশে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ড. সামন্ত লাল সেন বলেছেন, তোমরা স্বাস্থ্য বিজ্ঞানবিষয়ক বিভিন্ন কর্মসূচী প্রোগ্রামে অনার্স ও মাস্টার্স ডিপ্রি অর্জন করেছো। সেই হিসেবে তোমাদের কর্মক্ষেত্র তুলনামূলকভাবে সম্প্রসারিত এবং অবারিত। তবে, তোমরা শুধু চাকরির পেছনে ছুটবে না, উদ্যোগ হবে। তরুণদের জন্য চাকরির ক্ষেত্র তৈরি করবে।

বৃহস্পতিবার (২৫ এপ্রিল) সকালে বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেসের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন।

স্বাস্থ্যমন্ত্রী সমাবর্তনে উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, ‘মনে রাখবে এই ডিগ্রি অর্জনের মাধ্যমে বন্ধুর ও অমসৃণ পথে তোমাদের নতুন যাত্রা শুরু হলো। বিষয়ভিত্তিক ও প্রযুক্তিগত জ্ঞানে সমৃদ্ধ হয়ে সক্ষমতা ও সন্তানবানার শতভাগ কাজে লাগিয়ে তোমরা স্বনির্ভর জনসম্পদ হিসেবে নিজেদের গড়ে তুলবে।



অনুষ্ঠানে বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেসের উপাচার্য অধ্যাপক ফরিদুল আলম গ্র্যাজুয়েটদের উদ্দেশে বলেন, নিরলস শ্রম ও নিষ্ঠা বলে তোমরা কর্মক্ষেত্রে নিজেদের সক্ষমতার পরিচয় দেবে এবং বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় অগ্রণী ভূমিকা পালন করবে। তোমরা শুধু কাজ করবে না, কর্মদক্ষ মানুষ তৈরিতেও সহায়তা করবে এবং নিজেদের মাধ্যমে বিশ্বে সুনাম অর্জন করবে এবং বিইউএইচএসের ভাবমূর্তি সমূজ্জ্বল রাখবে।

অনুষ্ঠানে জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান, ইউনিভার্সিটি কলেজ লন্ডনের অধ্যাপক অ্যাস্ট্রনি কস্টেলোসহ সনদপ্রাপ্ত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ইত্তেফাক/কেকে